

আজকের আলোচনার বিষয়: **اللَّهُ أَكْبَرُ** আল্লাহ্ আকবার "আল্লাহ সর্বশ্রেষ্ঠ" Allah is the greatest.

এ সংক্রান্ত পবিত্র কোরআনের আয়াত সমূহ:

وَلِتُكْمِلُوا الْعِدَّةَ وَلِتُكَبِّرُوا اللَّهَ عَلَىٰ مَا هَدَيْتُمْ وَلِعَلَّكُمْ تَشْكُرُونَ

১. (তিনি চান) তোমরা যেন (সওমের) সংখ্যা পূর্ণ করো এবং তোমরা আল্লাহর শ্রেষ্ঠত্ব প্রকাশ করো এবং সম্ভবত তোমরা তার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করবো (২:১৮৫)

[সূরা নস্বর ২ বাকারা আয়াত নস্বর ১৮৩, ১৮৪, ১৮৫ সওমের ফরজ হওয়া ও বিধানাবলি বর্ণনা করার পর শেষে বলা হচ্ছে আল্লাহর শ্রেষ্ঠত্ব ও কৃতজ্ঞতা প্রকাশ কর (সওম, কিয়ামুল লাইল ও এ'তেকাফের মাধ্যমে)]

إِنَّ اللَّهَ عَلِيًّا كَبِيرًا

২. নিশ্চয় আল্লাহ মহান ও শ্রেষ্ঠ (৪:৩৪)

[বিবাহিত স্বামী ও স্ত্রীর দায়িত্ব কর্তব্য, বিশ্বস্ততা এবং সম্পর্ক ভেঙে যাওয়া থেকে প্রতিকারের উপায় বর্ণনা করার পর বলা হচ্ছে: নিশ্চয় আল্লাহ মহান ও শ্রেষ্ঠ]

وَرِضْوَانٌ مِّنَ اللَّهِ أَكْبَرُ ذَلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيمُ

৩. [জান্নাতের নেয়ামতসমূহ বর্ণনা করার শেষে বলা হচ্ছে] আর তাদের জন্য সর্বশ্রেষ্ঠ পুরস্কার থাকবে আল্লাহর রেজামন্দি (আল্লাহর সন্তুষ্টি)। এটাই প্রকৃতপক্ষে মহাসাফল্য। (৯:৭২)

عَلِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ الْكَبِيرِ الْمُتَعَالِ

৪. তিনি গায়েব ও দৃশের জ্ঞানী মহান ও সর্বোচ্চ মর্যাদার মালিক। (১৩:৯)

وَقُلِ الْحَمْدُ لِلَّهِ الَّذِي لَمْ يَتَّخِذْ وَلَدًا وَلَمْ يَكُنْ لَهُ شَرِيكٌ فِي الْمُلْكِ وَلَمْ يَكُنْ لَهُ وِليٌّ مِّنَ الذَّلِّ وَكَبْرَهُ تَكْبِيرًا

৫. বলঃ প্রশংসা আল্লাহরই যিনি সন্তান গ্রহণ করেননি, তাঁর সার্বভৌমত্বে কোন অংশী নেই এবং তিনি দুর্দশাগ্রস্ত হননা যে কারণে তাঁর অভিভাবকের প্রয়োজন হতে পারে; এবং শ্রেষ্ঠত্ব ও মহানত্ব ঘোষণা করো। (আল্লাহ আকবার) (১৭:১১১)

لَنْ يَنَالَ اللَّهُ لُحُومُهَا وَلَا دِمَاؤُهَا وَلَكِنْ يَنَالُهُ التَّقْوَىٰ مِنْكُمْ كَذَلِكَ
سَخَّرَهَا لَكُمْ لِتُكَبِّرُوا اللَّهَ عَلَىٰ مَا هَدَاكُمْ وَبَشِّرِ الْمُحْسِنِينَ

৬. আল্লাহর কাছে পৌঁছানা ওগুলির গোশত এবং রক্ত, বরং পৌঁছে তোমাদের তাকওয়া। এভাবে তিনি ওগুলিকে তোমাদের অধীন করে দিয়েছেন যাতে তোমরা আল্লাহর শ্রেষ্ঠত্ব ঘোষণা কর এ জন্য যে, তিনি তোমাদেরকে পথ প্রদর্শন করেছেন। সুতরাং তুমি সুসংবাদ দাও সৎকর্মশীলদেরকে। (২২:৩৭)

وَأَنَّ اللَّهَ هُوَ الْعَلِيُّ الْكَبِيرُ

৭. আর আল্লাহই মর্যাদাবান ও শ্রেষ্ঠ। (২২:৬২)

اتْلُ مَا أُوحِيَ إِلَيْكَ مِنَ الْكِتَابِ وَأَقِمِ الصَّلَاةَ إِنَّ الصَّلَاةَ تَنْهَىٰ عَنِ
الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَلَذِكْرُ اللَّهِ أَكْبَرُ وَاللَّهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ

৮. তোমার প্রতি যে কিতাব ওহী করা হয়েছে, তা থেকে তিলাওয়াত কর এবং সালাত কায়েম কর। নিশ্চয় সালাত অশ্লীল ও মন্দকাজ থেকে বিরত রাখে। আর আল্লাহর স্মরণই তো সর্বশ্রেষ্ঠ। আল্লাহ জানেন যা তোমরা করা (২৯:৪৫)

وَأَنَّ اللَّهَ هُوَ الْعَلِيُّ الْكَبِيرُ

৯. নিশ্চয়ই আল্লাহ অতীব উঁচু, অতীব মহান। (৩১:৩০)

وَلَا تَتَفَعُّ الشَّفَاعَةَ عِنْدَهُ إِلَّا لِمَنْ أَدِنَ لَهُ حَتَّىٰ إِذَا فُزِعَ عَنْ قُلُوبِهِمْ
قَالُوا مَاذَا قَالَ رَبُّكُمْ قَالُوا الْحَقُّ وَهُوَ الْعَلِيُّ الْكَبِيرُ

১০. আর আল্লাহ যাকে অনুমতি দেবেন হয় সে ছাড়া আল্লাহর নিকট কারও সুপারিশ ফলপ্রসূ হবেনা। অতঃপর যখন তাদের অন্তর হতে ভয় বিদুরিত হবে তখন তারা পরস্পরের মধ্যে জিজ্ঞাসাবাদ করবে তোমাদের রাব্ব কি বললেন? তদুত্তরে তারা বলবে যা সত্য তিনি তাই বলেছেন। তিনি সমুচ্চ, মহান। (৩৪:২৩)

هُوَ اللَّهُ الَّذِي لَا إِلَهَ إِلَّا هُوَ الْمَلِكُ الْقُدُّوسُ السَّلَامُ الْمُؤْمِنُ الْمُهَيْمِنُ
الْعَزِيزُ الْجَبَّارُ الْمُتَكَبِّرُ سُبْحَانَ اللَّهِ عَمَّا يُشْرِكُونَ

১১. তিনিই আল্লাহ, তিনি ব্যতীত কোন মা'বুদ নেই। তিনিই অধিপতি, তিনিই পবিত্র, তিনিই শান্তি, তিনিই নিরাপত্তা বিধায়ক, তিনিই রক্ষক, তিনিই পরাক্রমশালী, তিনিই প্রবল, তিনিই অতীব মহিমান্বিত; যারা তাঁর শরীক স্থির করে আল্লাহ তা হতে পবিত্র ও মহান। (৫৯:২৩)

وَرَبِّكَ فَكَبِّرْ

১২. তোমার রব এর শ্রেষ্ঠত্ব ঘোষণা করা। (৭৪:৩)

প্রিয় ভাই ও বোনেরা রাসূল (স:) বলেছেন আল্লাহর যিকির (স্মরণ) দ্বারা তোমার জিহ্বা সর্বদা ভিজা রাখো (তিরমিযী ৩৩৭৫)। আসুন আমরা প্রতি সলাতের পর সুবহানাল্লাহ ৩৩ বার, আলহামদুলিল্লাহ ৩৩ বার, আল্লাহু আকবার ৩৩ বার এবং একশত পূর্ণ করি।

لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ , لَا شَرِيكَ لَهُ , وَلَهُ الْمُلْكُ , وَلَهُ الْحَمْدُ , وَهُوَ
عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ

আল্লাহ ছাড়া কোনো ইলাহ (উপাস্য) নেই, তিনি একক অদ্বিতীয়, তার কোনো শরিক নেই, বিশ্ব জগতের মালিকানা তারই, সমস্ত প্রশংসা তার, তিনি সব কিছুর উপর ক্ষমতাশীল।

আল্লাহ আমাদের জিকির কবুল করুন।

আমীন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

Click here <http://www.morningbrightness.fi/>